**রেজিস্টার্ড নং ডি এ-১** **"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, জানুয়ারি ১৮, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
**আইন প্রণয়ন শাখা**

## প্রজ্ঞাপন

নং ৪৯.০০.০০০০.০৪২.০১.০৩৩.১৯-০৫ তারিখ: ২৮ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ/১২ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

**বিদেশে গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালা (সংশোধিত), ২০২২**

যেহেতু বৈদেশিক কর্মসংস্থানের ক্ষেত্রে বাংলাদেশি কর্মীদের গন্তব্য দেশের চাহিদার আলোকে বিভিন্ন ধরনের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হয়; এবং যেহেতু বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এর ধারা ৪৭ অনুসারে সরকার প্রয়োজনে সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা এই আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, যেকোন কার্যক্রম গ্রহণ ও সম্পাদন সম্পর্কে নির্দেশ প্রদান করতে পারবে; এবং যেহেতু ২০০৮ সনে প্রণীত "বিদেশে গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালা, ২০০৮" প্রণয়নে মন্ত্রণালয়ের আইনগত এখতিয়ার নিয়ে করা রীট পিটিশন নম্বর-৪৬৬৮/২০০৯ মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের ৩০/০৭/২০১৯ তারিখের রায় অনুযায়ী খারিজ হয়েছে এবং উক্ত রায়ের আলোকে ২০০৮ সনে প্রণীত এতদসংক্রান্ত নীতিমালা সংশোধনপূর্বক ১৮/০৮/২০১৯ তারিখে "বিদেশে গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালা ২০০৮ (সংশোধিত ২০১৯)'' জারি করা হয়েছে; এবং যেহেতু প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০১৬ অনুযায়ী কর্মীদের বিদেশ যাত্রাকালে কম খরচে সবধরনের স্বাস্থ্যগত পরীক্ষা সম্পন্ন করার বাধ্যবাধকতা রয়েছে বিধায় এক্ষেত্রে স্বাস্থ্য পরীক্ষার ব্যয় ন্যায্য ও যৌক্তিক পর্যায়ে রেখে

আন্তর্জাতিক মানসম্পন্ন শারীরিক ও মানসিক উপযুক্ততার সনদ প্রদান করা প্রয়োজন; সেহেতু উক্ত উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক এতদসংক্রান্ত নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো :

১। **শিরোনাম**

এই নীতিমালা "বিদেশে গমনেচ্ছু বাংলাদেশি কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালা (সংশোধিত), ২০২২" নামে অভিহিত হবে।

২। **উদ্দেশ্যসমূহ**

২.১ বিশ্বের বিভিন্ন দেশে গমনেচ্ছু বাংলাদেশি কর্মীদের সঠিক, মানসম্মত ও গ্রহণযোগ্য স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিতকরণ।

২.২ দক্ষ ল্যাব-কর্মী ও পর্যাপ্ত স্বাস্থ্য পরীক্ষা সরঞ্জামাদি সম্বলিত মেডিকেল সেন্টারে স্বাস্থ্য পরীক্ষার মাধ্যমে সুস্থ ও সক্ষম কর্মীদের বিদেশ প্রেরণ।

২.৩ বৈদেশিক শ্রমবাজারের চাহিদা মোতাবেক প্রাক-বহির্গমন স্বাস্থ্য পরীক্ষা সম্পাদনের মাধ্যমে দেশের ভাবমূর্তি সমুন্নত রাখা।

৩। **প্রয়োগক্ষেত্র**

৩.১ এ নীতিমালা বিশ্বের যে কোন দেশে গমনেচ্ছু বাংলাদেশি কর্মীদের স্বাস্থ্য পরীক্ষার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩.২ সেবা প্রত্যাশী গন্তব্য দেশ, সংস্থা বা ব্যক্তিকে কেবল এ নীতিমালার অধীন নির্ধারিত ও তালিকাভুক্ত মেডিকেল সেন্টার হতে বিদেশে গমনেচ্ছু কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পাদন করাতে হবে।

৪। **স্বাস্থ্য পরীক্ষার জন্য মেডিকেল সেন্টার তালিকাভুক্তকরণ**

৪.১ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ওয়েবসাইটে এবং জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে মেডিকেল সেন্টারের তালিকাভুক্তির জন্য দরখাস্ত আহ্বান করতে হবে।

৪.২ পরিশিষ্ট-১ এ বর্ণিত ছক অনুযায়ী তালিকাভুক্তির জন্য আবেদন করতে হবে।

৪.৩ মেডিকেল সেন্টার তালিকাভুক্তির আবেদনপত্র জমাদানের সময় ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (অফেরতযোগ্য) আবেদন ফি জমা দিতে হবে।

৪.৪ বাংলাদেশের কোন মেডিকেল সেন্টার ইতঃপূর্বে অন্য কোন দেশ কর্তৃক তালিকাভুক্ত হয়ে থাকলে ঐ মেডিকেল সেন্টারকে এ নীতিমালার আওতায় নতুন করে তালিকাভুক্তির জন্য জনবল, স্বাস্থ্য পরীক্ষা যন্ত্রপাতির তালিকা ও তালিকাভুক্তির সনদ ও অন্যান্য প্রমাণাদিসহ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে আবেদন করতে হবে। জনবল ও যন্ত্রপাতি এ নীতিমালায় বর্ণিত তালিকা হতে কম হলে বা মানসম্পন্ন না হলে এ নীতিমালা জারির ২ (দুই) মাসের মধ্যে ঐ ঘাটতি পূরণ করতে হবে। ঘাটতি পূরণের পর বাছাই কমিটি সরেজমিন পরিদর্শন করে মতামত/সুপারিশ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে জমা দিবে।

৪.৫ মন্ত্রণালয় কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বাছাই কমিটি এ নীতিমালায় বর্ণিত পদ্ধতিতে যাচাই-বাছাই করে তাদের মতামত/ সুপারিশ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে জমা দিবে।

৪.৬ বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রতিটি মেডিকেল সেন্টারকে তালিকাভুক্তির জন্য জামানত হিসাবে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অনুকূলে লিয়েন করে জমা দিতে হবে।

৪.৭ যাচাই-বাছাই কমিটি হতে প্রাপ্ত সুপারিশের ভিত্তিতে মন্ত্রণালয় কর্তৃক বিদেশে গমনেচ্ছু কর্মীদের স্বাস্থ্য পরীক্ষার জন্য প্রয়োজনীয় সংখ্যক উপযুক্ত মেডিকেল সেন্টার তালিকাভুক্ত করা হবে। সরকার তালিকাভুক্ত মেডিকেল সেন্টারের তথ্য প্রকাশ করবে।

৪.৮ তালিকাভুক্ত মেডিকেল সেন্টারগুলো বিদেশে গমনেচ্ছু কর্মীদের স্বাস্থ্য পরীক্ষার মাধ্যমে পরিশিষ্ট-২ এ বর্ণিত ছক মোতাবেক শারীরিক উপযুক্ততার সনদ (কিউআর কোডসহ) প্রদান করবে এবং অনলাইনে প্রকাশ করবে, যাতে তা সহজপ্রাপ্য ও ডাউনলোডযোগ্য হয় এবং যাচাই করা যায়।

৫। **মেডিকেল সেন্টার তালিকাভুক্তির জন্য বাছাই কমিটি**

অনুচ্ছেদ ৪.৫ এ বর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি ৮ (আট) সদস্য বিশিষ্ট বাছাই কমিটি গঠিত হবে :

| | | |
|---|---|---|
| (ক) | অতিরিক্ত সচিব/ যুগ্ম-সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (খ) | স্বাস্থ্য সেবা বিভাগের মনোনীত একজন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| (গ) | চিফ টেকনিক্যাল ম্যানেজার, National Electro-Medical Equipment Maintenance Workshop & Training Centre (NEMEMW&TC) | সদস্য |
| (ঘ) | ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের একজন উপযুক্ত প্রতিনিধি (Pathologist) | সদস্য |
| (ঙ) | পরিচালক (বহির্গমন), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | সদস্য |
| (চ) | স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি (উপ-পরিচালক পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| (ছ) | বায়রা'র একজন প্রতিনিধি | সদস্য |
| (জ) | উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য-সচিব |

৬। **বাছাই কমিটির দায়িত্ব**

৬.১ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বাছাই কমিটির দায়িত্ব (Terms of Reference) নির্ধারণ করবে।

৬.২ নির্ধারিত দায়িত্ব অনুযায়ী বাছাই কমিটি প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই করবে এবং আবেদনকৃত মেডিকেল সেন্টার সরেজমিন পরিদর্শনের মাধ্যমে মতামত/ তালিকাভুক্তির সুপারিশ করবে।

৭। **বাছাই কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল**

৭.১ কোন প্রতিষ্ঠান বাছাই কমিটির সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে ৩ (তিন) সদস্যবিশিষ্ট আপীল কমিটির নিকট আপীল দায়ের করতে পারবে। আপীল কমিটি নিম্নরূপভাবে গঠিত হবে:

| | | |
|---|---|---|
| (ক) | সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | আহবায়ক |
| (খ) | মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | সদস্য |
| (গ) | পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |

৭.২ মেডিকেল সেন্টারের তালিকা পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে আপীল কমিটির নিকট আপীল আবেদন করা যাবে।

৭.৩ আপীল কমিটি সকল কাগজ পত্র পরীক্ষা নিরীক্ষা ও প্রয়োজনীয় শুনানি অন্তে ৩০ (ত্রিশ) কর্ম দিবসের মধ্যে আপীল নিষ্পত্তি করবে।

৭.৪ আপীল কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। **তালিকাভুক্তির ক্ষেত্রে মেডিকেল সেন্টারের যোগ্যতা**

৮.১ তালিকাভুক্তির জন্য আগ্রহী মেডিকেল সেন্টারকে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ও লাইসেন্স প্রাপ্ত হতে হবে। তালিকাভুক্তির ক্ষেত্রে 'এ' ক্যাটাগরির মেডিকেল সেন্টারসমূহকে অগ্রাধিকার দেয়া হবে।

৮.২ মেডিকেল সেন্টারের অবস্থান ঢাকা মহানগরী, সকল বিভাগীয় শহর এবং জেলা শহরের কোন গুরুত্বপূর্ণ স্থানে হতে হবে।

৮.৩ মেডিকেল সেন্টারের এক্স-রে ইউনিটের জন্য বাংলাদেশ আণবিক শক্তি কমিশনের Nuclear Safety and Radiation Control Division কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্স থাকতে হবে।

৮.৪ ক্লিনিক্যাল বর্জ্য ব্যবস্থাপনার (Clinical Waste Disposal) জন্য Incinerator সহ আধুনিক ব্যবস্থা থাকতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সনদ থাকতে হবে।

৮.৫ আন্তর্জাতিক মান বজায় রেখে স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করার পাশাপাশি কম্পিউটারাইজড ও অনলাইনে কিউআর কোডসহ নির্ভুল রিপোর্ট প্রদানের সক্ষমতা থাকতে হবে।

৮.৬ মেডিকেল সেন্টারে ন্যূনতম ৫০ জনের বসার সুসজ্জিত অপেক্ষাগার বা ওয়েটিং রুম থাকতে হবে। মহিলাদের জন্য পৃথক টয়লেট থাকতে হবে।

৮.৭ সার্বক্ষণিক পানি, বিদ্যুৎ ও পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা থাকতে হবে।

৮.৮ পরীক্ষিত কর্মীদের প্রাসঙ্গিক তথ্যাদি ন্যূনতম ১ (এক) বছর সংরক্ষণ করতে হবে।

৮.৯ মেডিকেল সেন্টারগুলোতে ন্যূনতম নিম্নবর্ণিত জনবল থাকতে হবে:

| SL. No. | Name of the Post | Quantity |
|---|---|---|
| (1) | Consultant Medicine (Part time/Full time) | 01 |
| (2) | Pathologist/ Microbiologist (Full time) | 01 |
| (3) | Hematologist (Full time) | 01 |
| (4) | Biochemist (Full time) | 01 |
| (5) | Laboratory Technologist (Full Time) | 03 |
| (6) | Radiologist (Full time) | 01 |
| (7) | Radiographer (Full Time) | 01 |
| (8) | Medical Officer (Full Time) | 02 |
| (9) | Computer Operator (Full Time) | 02 |
| (10) | Safety Officer (Full Time) | 02 |
| (11) | Cleaner (Full Time) | 02 |

৮.১০ মেডিকেল সেন্টারগুলোতে ন্যূনতম নিম্নবর্ণিত স্বাস্থ্য পরীক্ষার সুবিধাদি থাকতে হবে:

| SL. No. | Name of the Test | Method |
|---|---|---|
| (1) | HIV1 & HIV2 | ELISA(WHO Standard) |
| (2) | Hepatitis B & C | ELISA(WHO Standard) |
| (3) | VDRL Test & TPHA | ELISA(WHO Standard) |
| (4) | Test for Malarial Parasite | RDT (ICT Method) |
| (5) | Urine for RME | Standard |
| (6) | Blood Grouping | ABO & Rh System |
| (7) | Blood for RBS | If need do FBS & PPBS (Two hours after 75 Gram Glucose drink) |

| SL. No. | Name of the Test | Method |
|---|---|---|
| (8) | Stool RME | Standard |
| (9) | Urine for Pregnancy Test for Female | Latex and Strip Method (WHO Standard). Serum Beta-HCG (if positive) |
| (10) | DOPE Test for Opiate, Cannabis & Amphetamine(Yaba) | ELISA (WHO Standard) |
| (11) | X-ray Chest P/A View | To detect Lung & Heart Diseases. |

৮.১১ মেডিকেল সেন্টারে স্বাস্থ্য পরীক্ষার জন্য ন্যূনতম নিম্নবর্ণিত যন্ত্রপাতি থাকতে হবে :

**Radiology (X-ray)**

| SL. No. | Name of the Instrument | Quality |
|---|---|---|
| (1) | Minimum-300mA digital X-ray machine | |
| (2) | Auto Processor | |
| (3) | Quality X-ray Film | |
| (4) | Radiation protection system | Approved by BAEC |

**Biomedical Instrument**

| SL. No. | Name of the Instrument | Quantity |
|---|---|---|
| (1) | Binocular Microscope (Olympus/Zeiss) | 02 |
| (2) | Biochemistry Analyzer (Auto/Semi Auto) | 01 |
| (3) | Hematology Auto Analyzer (Sysmex/Siemens/Pentra) | 01 |
| (4) | Bench top centrifuge machine | 02 |
| (5) | ELISA full set (Reader, Washer, Shaker) | 01 |
| (6) | Micropipette & Ancillary Instrument | As per need |

৯। **তালিকাভুক্ত মেডিকেল সেন্টারের দায়িত্ব ও কর্তব্য**

৯.১ তালিকাভুক্ত মেডিকেল সেন্টারকে প্রত্যেক কর্মীর স্বাস্থ্য পরীক্ষা সংশ্লিষ্ট নিয়োগকারী দেশের চাহিদা ও মান অনুযায়ী সম্পন্ন করতে হবে।

৯.২ স্বাস্থ্য পরীক্ষার পর তালিকাভুক্ত মেডিকেল সেন্টারকে পরিশিষ্ট-২ এ বর্ণিত ছকে কিউআর কোডসহ মেডিকেল রিপোর্ট প্রদান করতে হবে। উক্ত রিপোর্ট যাচাইয়ের জন্য অনলাইনে সহজপ্রাপ্য ও ডাউনলোডযোগ্য হতে হবে।

৯.৩ স্বাস্থ্য পরীক্ষার পূর্ণাঙ্গ রিপোর্ট গোপনীয় তথ্য হিসেবে গণ্য হবে।

৯.৪ মেডিকেল সেন্টার স্বাস্থ্য মন্ত্রণালয়/স্বাস্থ্য অধিদপ্তর/ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/বিশেষজ্ঞ কমিটি বিএমইটি/এতদুদ্দেশ্যে সরকারি দায়িত্ব প্রাপ্ত অন্যান্য সংস্থার কর্মকর্তাদের পরিদর্শনের জন্য উন্মুক্ত রাখতে হবে।

৯.৫ স্বাস্থ্য পরীক্ষার ৩ (তিন) দিনের মধ্যে স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট কর্মীকে প্রদান করতে হবে। চাহিদা অনুযায়ী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর ও অন্যান্য সরকারি কর্তৃপক্ষকে প্রদান করতে হবে।

৯.৬ মেডিকেল সার্টিফিকেটে প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত তথ্যাদির সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মেডিকেল সেন্টারের উপর বর্তাবে।

৯.৭ মেডিকেল সেন্টারের স্থান পরিবর্তনের পূর্বে অবশ্যই স্বাস্থ্য অধিদপ্তর এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৯.৮ প্রতিটি মেডিকেল সেন্টারে অভিযোগ বাক্স স্থাপন করতে হবে। অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress System) মাধ্যমে প্রাপ্ত অভিযোগ ও অনলাইনে দায়ের করা অভিযোগ দ্রুততার সাথে ও নিয়মিতভাবে নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।

১০। **স্বাস্থ্য পরীক্ষার ফি**

১০.১ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বিজ্ঞপ্তির মাধ্যমে সময় সময় বিদেশে চাকুরী প্রত্যাশী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষার ফি নির্ধারণ করবে। তবে কোনো দেশের সরকারের সাথে বাংলাদেশের কোনো মেডিকেল সেন্টারের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত কাজ অব্যাহত থাকলে উক্ত মেডিকেল সেন্টারের জন্য ঐ দেশের সরকার কর্তৃক নির্ধারিত স্বাস্থ্য পরীক্ষার ফি এ মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে বলবৎ থাকবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট দেশ কর্তৃক মেডিকেল ফিসহ স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়কে অবহিত রাখতে হবে।

১০.২ কোনো অবস্থাতেই বাংলাদেশ সরকার বা অন্য দেশের সরকার কর্তৃক নির্ধারিত ফি’র অতিরিক্ত কোনো অর্থ কর্মীদের নিকট হতে গ্রহণ করা যাবে না।

**১১। তালিকাভুক্ত মেডিকেল সেন্টারের তত্ত্বাবধান এবং পরিদর্শনের জন্য বিশেষজ্ঞ কমিটি গঠন ও কার্যক্রম**

১১.১ তালিকাভুক্ত মেডিকেল সেন্টারের স্বাস্থ্য পরীক্ষার মান অক্ষুণ্ন রাখার জন্য একটি বিশেষজ্ঞ কমিটি থাকবে।যা নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| (1) | অতিরিক্ত সচিব/ যুগ্ম-সচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সভাপতি |
| (2) | উপ-সচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| (3) | উপ-পরিচালক (হাসপাতাল-১), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| (4) | চিফ টেকনিক্যাল ম্যানেজার, (NEMEMW&TC), ঢাকা | সদস্য |
| (5) | ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের দুইজন প্রতিনিধি (একজন Pathologist ও একজন Radiologist) | সদস্য |
| (6) | উপ-সচিব (মনিটরিং/ এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য-সচিব |

১১.২ উক্ত কমিটি নির্ধারিত মেডিকেল সেন্টারগুলোর স্বাস্থ্য পরীক্ষার মান, পরীক্ষাগারের কর্মীদের দক্ষতা, মেডিকেল সেন্টারের পরিচ্ছন্নতা, এতদসংক্রান্ত অন্যান্য বিষয়াদি সরজমিনে পরির্দশন করে প্রাপ্ত তথ্যাদি পরীক্ষা ও যাবতীয় বিষয় অনুসন্ধান করার পর এ বিষয়ে মতামতসহ উহার রিপোর্ট প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

১১.৩ উক্ত কমিটি প্রতিবছর অন্যূন একবার কিংবা প্রয়োজনে একাধিকবার তালিকাভুক্ত মেডিকেল সেন্টার পরিদর্শন করতে পারবে।

১১.৪ বিশেষজ্ঞ কমিটি উপযুক্ত তদন্ত করে যথোপযুক্ত কারণে কোনো তালিকাভুক্ত মেডিকেল সেন্টারের তালিকাভুক্তি স্থগিত বা বাতিল ও জামানত বাজেয়াপ্ত করার সুপারিশ করতে পারবে।

১১.৫ বিভিন্ন দেশের সরকার বা সংস্থা কর্তৃক তাদের তালিকাভুক্ত মেডিকেল সেন্টার পরিদর্শনের ব্যবস্থা অব্যাহত থাকবে।

**১২। মন্ত্রণালয়ের প্রশাসনিক ব্যবস্থাপনা**

১২.১ এ নীতিমালা সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এতদসংক্রান্ত যাবতীয় প্রশাসনিক কার্যাদি সম্পন্ন করবে।

১২.২ কোনো মেডিকেল সেন্টারের বিরুদ্ধে অনিয়ম ও অদক্ষতার প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিলসহ জামানত বাজেয়াপ্ত ও প্রচলিত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

১২.৩ মন্ত্রণালয় প্রাপ্ত অভিযোগসমূহ নিয়মিত মনিটরিং ও নিষ্পত্তি করবে।

**১৩। মেডিকেল সেন্টার কর্তৃক সংঘটিত অনিয়ম ও তার বিরুদ্ধে প্রতিকার**

১৩.১ তালিকাভুক্ত মেডিকেল সেন্টারের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত প্রদত্ত রিপোর্টে কোনো ভুল তথ্য, অসম্পূর্ণ অথবা অদক্ষ স্বাস্থ্য পরীক্ষার কারণে কিংবা কর্মী বিদেশে পুনঃস্বাস্থ্য পরীক্ষার পর বাংলাদেশে সম্পাদিত মেডিকেল টেষ্ট ভুল বিবেচিত হওয়ায় কোনো কর্মী বিদেশে শারীরিকভাবে অনুপযুক্ত (Medically Unfit) হলে (সুপ্ত অবস্থায় থাকে এমন রোগের কারণ ব্যতীত) অথবা কর্মী দেশে ফেরত আসলে উক্ত মেডিকেল সেন্টার সরকার কর্তৃক নির্ধারিত হারে কর্মীকে ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে।

১৩.২ তালিকাভুক্ত মেডিকেল সেন্টারের বিরুদ্ধে অসততা বা অদক্ষতার অভিযোগ প্রমাণিত হলে সরকার এ নীতিমালার অধীন তালিকাভুক্তির জামানত বাজেয়াপ্তসহ মেডিকেল সেন্টারের তালিকাভুক্তি স্থগিত বা বাতিল করবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

**১৪। স্বাস্থ্য পরীক্ষার রিপোর্টের মেয়াদকাল**

তালিকাভুক্ত মেডিকেল সেন্টার কর্তৃক প্রদত্ত কর্মীদের স্বাস্থ্য পরীক্ষার রিপোর্টের কার্যকারিতা ৩ (তিন) মাস পর্যন্ত বলবৎ থাকবে। তবে মেডিকেল সেন্টারসমূহ উক্ত রিপোর্ট অন্যূন ১ (এক) বৎসর পর্যন্ত সংরক্ষণ করবে।

**১৫। গন্তব্য দেশ কর্তৃক নতুন কোনো শর্ত আরোপিত হলে বাধ্যবাধকতা**

চাকুরী প্রদানকারী কোনো দেশ যদি স্বাস্থ্য পরীক্ষার জন্য নতুন কোনো শর্ত আরোপ করে তবে তালিকাভুক্ত মেডিকেল সেন্টারকে তা প্রতিপালন করতে হবে।

**১৬। তথ্যাদি সরবরাহ**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাছাই কমিটি বা বিশেষজ্ঞ কমিটি এ নীতিমালার প্রয়োগ ও বাস্তবায়নের প্রয়োজনে, তালিকাভুক্ত মেডিকেল সেন্টার ও সংশ্লিষ্ট ব্যক্তির নিকট কোনো তথ্য বা কাগজপত্র সরবরাহের জন্য অনুরোধ করতে পারবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট তালিকাভুক্ত মেডিকেল সেন্টার ও ব্যক্তি তা সরবরাহ করতে বাধ্য থাকবে।

**১৭। রহিতকরণ**

এতদ্বারা বিদেশে গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালা ২০০৮ (সংশোধিত ২০১৯) রহিত করা হলো।

**১৮। পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন বা সংযোজন**

সরকার সময় সময় এ নীতিমালার যে কোনো পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন বা সংযোজন করতে পারবে।

এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. নাশিদ রিজওয়ানা মনির**
উপসচিব।

**পরিশিষ্ট-১**

**মেডিকেল সেন্টার তালিকাভুক্তির আবেদন**

১। আবেদনকারীর নাম :

২। পিতার নাম :

৩। মাতার নাম :

৪। স্থায়ী ঠিকানা :

৫। বর্তমান ঠিকানা :

৬। শিক্ষাগত যোগ্যতা :

৭। জন্ম তারিখ :

৮। পেশা :

৯। মেডিকেল সেন্টারের নাম :

১০। মেডিকেল সেন্টারের ঠিকানা :

১১। স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্স নম্বর ও তার মেয়াদকাল (লাইসেন্সের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে):

১২। বাংলাদেশ আণবিক শক্তি কমিশন কর্তৃক প্রদত্ত এক্সরে ইউনিটের লাইসেন্সের বিবরণ (লাইসেন্সের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে):

১৩। মেডিকেল সেন্টারের জনবলের শিক্ষাগত যোগ্যতাসহ বিবরণ (নিয়োগপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে):

১৪। মেডিকেল সেন্টারের বিভিন্ন কক্ষের বর্ণনা (লে-আউট সংযোজন করতে হবে):

১৫। মেডিকেল সেন্টারের বিভিন্ন যন্ত্রপাতির বিবরণ (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করা যাবে):

১৬। Clinical waste disposal সুবিধার বর্ণনা এবং সনদ (সনদের সত্যায়িত কপি সংযোজন করতে হবে):

১৭। মেডিকেল সেন্টারে বিদেশে গমনেচ্ছু কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালা (সংশোধিত), ২০২২ -এ বর্ণিত স্বাস্থ্য পরীক্ষার (Test) সুবিধাদি আছে কিনা (সুবিধাদির বিস্তারিত বর্ণনা করতে হবে। প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করা যাবে):

আমি দৃঢ়ভাবে জানাচ্ছি যে, উপরে বর্ণিত সকল তথ্য সঠিক। আমি সরকারের সকল নিয়ম-কানুন প্রতিপালন করে মেডিকেল সেন্টারের কার্যক্রম পরিচালনা করতে বাধ্য থাকব।

আবেদনকারীর নাম ও স্বাক্ষর

পরিশিষ্ট-২

# Health Examination Report

| | | | |
|---|---|---|---|
| Serial No: | | Date of Exam: | |

**A. Personal Information:**

| | | | |
|---|---|---|---|
| Full Name : | | Mobile Number : | |
| Nationality : | | Date of Birth : | |
| Passport No : | | Place of issue : | |
| NID No : | | Gender : | |
| Position applied for : | | Destination Country : | |
| Address : | | | |

**B. Physical Report :**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| **Height :** | | **Weight :** | | **BMI :** | | **Blood pressure :** | |

| | | | | |
|---|---|---|---|---|
| **Visul Acuity :** | Left Eye : | | Right Eye : | |
| **Colour Vision :** | Left Eye : | | Right Eye : | |
| **Hearing :** | Left Ear : | | Right Ear : | |
| | Hernia : | | Epilepsy : | |

(* If required)

**C. Laboratory Report:**

Blood:

| | | | |
|---|---|---|---|
| Blood group: | | Urea: | |
| Hemoglobin: | | S. Creatinine: | |
| TC: | | FBS & PPBS*: | |
| DC: | | | |

Urine for RME:

| | | | |
|---|---|---|---|
| Glucose: | | RBC: | |
| Albumin: | | WBC: | |
| Pregnancy Test: | | | |

*Pregnancy test (Latex & Strip method; Serum Beta-HCG if positive) is for female workers only.

Stool for RME:

| |
|---|
| |
| |

**D. Radiology Report (X-ray Chest P/A View & Others*):**

| |
|---|
| |
| |
| |

(* If required)

**E. Communicable Diseases & DOPE Test Report:**

| | | | |
|---|---|---|---|
| Hepatitis B & C (ELISA): | | HIV 1 & HIV 2 (ELISA): | |
| VDRL Test & TPHA: | | Malarial Parasite (RDT): | |
| DOPE Test (Opiate): | | DOPE Test (Cannabis): | |
| DOPE Test (Amphetamine): | | Microfilaria : | |

**F. DOPE Test Report:**

| | | | |
|---|---|---|---|
| Opiate: | | Cannabis: | |
| Amphetamine: | | | |

G. **Summary & Recommendation (Mentioning Fit/ Unfit for the job):**

| |
|---|
| |
| |
| |
| |
| |
| |

| | |
|---|---|
| Signature of Clinic Authority | Signature of the Doctor |
| No of enlistment: ………………………….. | BMDC Regn. No: ……………………... |
| Seal of the Medical Centre | Seal of the Doctor (with name) |

**Note 1**: Stamp of the Medical Centre/ Clinic on the photo is required. Clinical authority and Doctor should sign the report.

**Note 2:** The medical report and X-ray report should be submitted to the health authority of the country of destination (CoD).

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd